# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি

অস্থায়ী কার্যালয়ঃ বাড়ি- ১৯১ , রোড- ০২, বারিধারা ডিওএইচএস, ঢাকা

স্মারক নং- ০৫(৫০৩)ডিসিইউ/রেজি:/একা:/অনার্স ভর্তি/২০২৬ তারিখঃ ২৩/০৭/২০২৬

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা এবং কলা ও সমাজবিজ্ঞান ইউনিটের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির সংযুক্ত কলেজসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা এবং কলা ও সমাজবিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের নিম্নের সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো:

| | |
|---|---|
| বিষয় চয়েস (পছন্দ ক্রম) প্রদানের তারিখ | ২৪ জুলাই দুপুর ১২:০০ টা থেকে ৩০ জুলাই ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| বিষয় ও কলেজের নামসহ তালিকা প্রকাশ | ০৩ আগস্ট ২০২৬ রাত ১০:০০ টা |
| ভর্তির ফি প্রদান ও নিশ্চয়নের তারিখ | ০৪ আগস্ট থেকে ১২ আগস্ট ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ১ম মাইগ্রেশনের তালিকা প্রকাশ | ১৪ আগস্ট ২০২৬ রাত ১০:০০ টা |
| ১ম মাইগ্রেশনের ফলে নির্বাচিত প্রার্থীদের ভর্তির ফি প্রদান ও নিশ্চয়নের তারিখ এবং বিষয় চয়েস পরিবর্তনের তারিখ | ১৫ আগস্ট থেকে ১৯ আগস্ট ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ২য় মাইগ্রেশনের তালিকা প্রকাশ | ২০ আগস্ট ২০২৬ রাত ১০:০০ টা |
| ২য় মাইগ্রেশনের ফলে নির্বাচিত প্রার্থীদের ভর্তির ফি প্রদান ও নিশ্চয়নের তারিখ এবং বিষয় চয়েস পরিবর্তনের তারিখ | ২১ আগস্ট থেকে ২৩ আগস্ট ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| বিষয় ও কলেজ উল্লেখ করে চূড়ান্ত তালিকা প্রকাশ | ২৫ আগস্ট ২০২৬ রাত ১০:০০ টা |
| ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ | ৬ সেপ্টেম্বর ২০২৬ |

বিশেষ নির্দেশাবলি:

১। অনলাইনে বিষয় চয়েস প্রদান: https://dcuadmission.org ওয়েবসাইটের মাধ্যমে চয়েস ফরম পূরণ করতে হবে।

২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণগণ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রদত্ত চয়েস তাদের মনোনীত বিষয় ও কলেজের নাম পছন্দক্রম অনুযায়ী প্রদান করবে।

৩। বিষয় ও কলেজের নামসহ তালিকা প্রকাশ করার পর ভর্তিচ্ছুদের সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে ভর্তি ফি বাবদ ৬,৫০০/= জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে।

৪। যেসকল শিক্ষার্থী নিশ্চায়ন করেছে তারা অটো মাইগ্রেশন চালু বা বন্ধ রাখতে পারবে। অটো মাইগ্রেশন চালু রাখলে আসন খালি থাকলে স্বয়ংক্রিয় ভাবে তারা আর ভাল পছন্দের কলেজ বা বিষয় এ সুযোগ পাবে।

৫। যেসকল শিক্ষার্থী নিশ্চায়ন করেনি তারা ভর্তির জন্য আর বিবেচিত হবে না। বাকি সকল উত্তীর্ণ শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রদত্ত চয়েস (পছন্দ ক্রম) পরিবর্তন করতে পারবে।

৬। কোটায় ভর্তিচ্ছুদের অনলাইনে বিষয় পছন্দক্রম পূরণের সময় কোটা সংক্রান্ত যাবতীয় তথ্য (কোটার যোগ্যতার স্বপক্ষে প্রমাণপত্র আপলোড করে) দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে নতুন করে কোনো তথ্য অন্তর্ভুক্ত করলে তা গ্রহণ করা হবে না। শিক্ষার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করবে তাকে সে কোটার যোগ্যতার স্বপক্ষে প্রমাণপত্র, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, পূরণকৃত চয়েস ফরম এর প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে ভর্তির সময় জমা দিতে হবে।

৭। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ভর্তি সংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করতে হবে।

৮। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। সংযুক্ত কলেজসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য ২৫ আগস্ট ২০২৬ তারিখ রাত ১০:০০ টা থেকে অনলাইনে ডাউনলোড করতে পারবে।

১০। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের ভর্তি ফরম পূরণ করে পে-স্লিপসহ নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট কলেজের অফিসে ২৬ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত জমা দিতে হবে:

(ক) মূল নম্বরপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি

(খ) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র

(গ) এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি

(ঘ) এসএসসি রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি

মো: শহীদুর রহমান
রেজিস্ট্রার
ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি, ঢাকা